



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৩ মার্চ' ২০২৪ খ্রি.

### যানজট করাতে পে-পার্কিং চালু করছে চসিক

যানজট করাতে নগরীর আগ্রাবাদ বাণিজ্যিক এলাকায় পরীক্ষামূলকভাবে পে-পার্কিং চালু করতে যাচ্ছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। রোববার দুপুরে টাইগারপাসস্থ চসিক সমেলন কক্ষে চট্টগ্রাম সিটি মেয়ার বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর উপস্থিতিতে পে-পার্কিং চালুর জন্য সমরোতা চুক্তিতে স্বাক্ষর করেন চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহাম্মদ তৌহিদুল ইসলাম ও বিট্র্যাক সলিউশন এর প্রধান নির্বাহী কর্মকর্তা এম তানভীর সিদ্দিকী।

৭ মার্চ থেকে চসিকের নির্ধারিত স্থানে পে-পার্কিং চালুর জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ শুরু করবে বিট্র্যাক সলিউশন। মে মাসের প্রথম সপ্তাহে আনুষ্ঠানিকভাবে পে-পার্কিং চালু করতে পারবে বলে আশা করছে প্রতিষ্ঠানটি।

যানজট করাতে নগরীর প্রত্যেকটা গুরুত্বপূর্ণ জায়গায় পে-পার্কিং এর ব্যবস্থা গ্রহণ করা হবে মন্তব্য করে মেয়ার বলেন, দীর্ঘদিন যাবত নগরীতে যে যানজট লেগে আছে তা নিরসনের জন্য চসিক ও সিএমপি ট্রাফিক বিভাগকে সাথে নিয়ে বিভিন্ন স্থান পরিদর্শন করে আপাতত আগ্রাবাদ এলাকায় পে-পার্কিং এর পাইলট প্রকল্প বাস্তবায়নের জন্য বিট্র্যাক সলিউশন এর সাথে চুক্তি স্বাক্ষর হয়েছে। এই চুক্তি সফলতার সাথে বাস্তবায়িত হলে পরবর্তীতে আরও পে-পার্কিং প্রকল্প গ্রহণ করা হবে।

“নগরীর নিউ মার্কেট এলাকায় ফুটপাতকে অবৈধ দখল মুক্ত করে ঐখানে সৌন্দর্য বর্ধনের কাজ চলছে। নগরবাসী যাতে ফুটপাতে অবাধে ও নিরাপদভাবে চলতে পারে সেজন্য চসিক কঠোরভাবে নজরদারি করছে। ঠিক অনুরূপভাবে নগরীর যত্নত্ব গাড়ি পার্কিং বন্ধে পে-পার্কিং এর উদ্যোগ গ্রহণ করেছি।”

নগরীকে নান্দনিক, যানজট মুক্ত ও পরিবেশ বান্ধব সুন্দর শহরে রূপান্তর করতে মেয়ার সাংবাদিক, বুদ্ধিজীবী, বিশেষজ্ঞ ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সহযোগিতা কামনা করেন।

এসময় উপস্থিত ছিলেন চসিক প্রধান রাজস্ব কর্মকর্তা ও ভারপ্রাপ্ত সচিব মোঃ নজরুল ইসলাম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা লতিফুল হক কাজমী, প্রধান শিক্ষা কর্মকর্তা ও মেয়ারের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, নগর পরিকল্পনাবিদ আবদুল্লাহ আল ওমর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী শাহীন- উল -ইসলাম চৌধুরী, মোঃ ফরহাদুল আলম, সহকারী প্রকৌশলী মোঃ শাফকাত বিন আমিন এবং বিট্র্যাক সলিউশন এর প্রকল্প প্রধান, ও বিট্র্যাক সলিউশন এর প্রকল্প প্রধান সাফায়েত আবদুল্লাহ, হেড অব সেলস সিরাজ উদ্দিন, ডেপুটি ম্যানেজার মোঃ শাহ ফারুক ও জুনিয়র একজিকিউটিভ সরোয়ার হোসেন চৌধুরীসহ চসিকের কর্মকর্তাবৃন্দ।

### উদ্বার করা সড়ক অবৈধ পুনর্দখল ঠেকাতে চসিকের অভিযান ৫ ব্যবসা প্রতিষ্ঠানকে ১১ হাজার টাকা জরিমানা

নিউমার্কেট মোড় থেকে ফলমণ্ডিতে পুনর্দখল ঠেকাতে অভিযানে চালিয়েছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। অভিযানে ৫ ব্যবসা প্রতিষ্ঠানকে ১১ হাজার টাকা জরিমানা করেন ম্যাজিস্ট্রেট।

রোববার দুপুরে পরিচালিত অভিযান সম্পর্কে মেয়ারের একান্ত সচিব আবুল হাশেম বলেন, ফুটপাত জনগণের জন্য এবং সড়ক যানবাহনের জন্য। আমাদের বার্তাটা হচ্ছে, ফুটপাত দিয়ে জনগণ হাঁটবে আর রাস্তা দিয়ে গাড়ি চলবে। ফুটপাতে-রাস্তায় ব্যবসা হবে না, ব্যবসা হবে ব্যবসা প্রতিষ্ঠানে। প্রথমবার যখন উচ্চেদ করছিলাম, তখন বলেছিলাম সময়ে-সময়ে এখানে ফুটপাত ও সড়ক উচ্চেকৃত সেটা যদি আবার দখল হয়ে যায়, সেটা মনিটরিং টিম রাখব এবং আমরা বারবার উচ্চেদ করব। তারই আলোকে আজ আমরা আবার উচ্চেদ কার্যক্রম করেছি।

অভিযান সম্পর্কে ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা জানান, রাস্তা, নালা ও ফুটপাত দখল করা ৫ ব্যবসা প্রতিষ্ঠানকে ১১ হাজার টাকা জরিমানা করেছি। সিটি কর্পোরেশনের লক্ষ্য হচ্ছে, ফুটপাত-সড়ক আমরা দখল হতে দেব না। পুরো শহরের সব ফুটপাত-সড়কই আমাদের কার্যক্রমের আওতায় আসবে। তাদের বারবার বলা হয়েছে, ফুটপাত-সড়ক দখল করা যাবে না। আজও মাইকিং করে আমরা তাদের সরে যেতে বলেছি, যারা এরপরও সরে যায়নি, তাদের বিরুদ্ধে আমাদের কঠোর ব্যবস্থা নিয়ে অপসারণ করেছি। ফুটপাতে কোনোভাবেই কোনো স্থাপনা তৈরির সুযোগ নেই। পুনর্দখল ঠেকাতে মনিটরিং চলমান থাকবে।

অভিযানকালে সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারী এবং চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটদের সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮